সিরাজ সিকদার রচনা

বিশ্বাসঘাতক, দলত্যাগী, ষড়যন্ত্রকারী, চক্রান্তকারী, সুবিধাবাদী, অন্তর্ঘাতক, প্রতারক, উপদল গঠক সেলিম শাহনেয়াজ ওরফে ফজলু খতম

পূর্ববাংলার সর্বহারা পার্টির বীর গেরিলারা এই বিশ্বাসঘাতক চক্রকে খতম করে সর্বহারা পার্টির প্রথম প্রতিষ্ঠা দিবস (৩রা জুন) উদযাপন করেছে

সিরাজ সিকদার

পূর্ববাংলার সর্বহারা পার্টির কর্মী, গেরিলা, সহানুভূতিশীল এবং পূর্ববাংলার জনগণের উদ্দেশ্যে পূর্ববাংলার সর্বহারা পার্টির কেন্দ্রীয় কমিটির বিশেষ ইশতেহার। পার্টি কর্তৃক রচনা ও প্রকাশ ১০ জুন ১৯৭২

কমিউনিস্ট পার্টি মার্কসবাদী-লেনিনবাদী-মাওবাদী বাংলাদেশ কর্তৃক সর্বহারা পথ (www.sarbaharapath.com) এর অনলাইন প্রকাশনা ৩ ফেব্রুয়ারী ২০১৪

পূর্ববাংলার সর্বহারা পার্টি হচ্ছে পূর্ববাংলার সর্বহারা শ্রেণীর প্রতিনিধিত্বকারী একমাত্র বিপ্লবী পার্টি।

কমরেড সিরাজ সিকদার প্রণীত সঠিক লাইনে পরিচালিত হয়ে পার্টি বর্তমানে সমগ্র পূর্ববাংলা ব্যাপী জাতীয় গণভিত্তিক পার্টি হিসেবে বিকাশ লাভের স্তরে পৌঁছেছে।

এর ফলে পূর্ববাংলার সর্বহারা পার্টিকে ধ্বংস করার জন্য শত্রুর হামলাও তীব্রতর হয়েছে। পূর্ববাংলার বিভিন্ন আকৃতির সংশোধনবাদী বিশ্বাসঘাতক, ছয় পাহাড়ের দালাল, ভারতীয় সম্প্রসারণবাদ, সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ, মার্কিন সাম্রাজ্যবাদের নেতৃত্বে সাম্রাজ্যবাদীরা পূর্ববাংলার সর্বহারা পার্টিকে ধ্বংস করার সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে।

এই সকল দেশীয় ও আন্তর্জাতিক শ্রেণী ও জাতীয় শত্রুদের সাথে যোগসাজশে পূর্ববাংলার সর্বহারা পার্টির আভ্যন্তরীণ শ্রেণীশত্রু বিশ্বাসঘাতক ফজলু চক্র পূর্ববাংলার সর্বহারা পার্টির নেতৃত্ব দখল এবং পার্টিকে ধ্বংস করার ষড়যন্ত্র চালায়।

সে ষড়যন্ত্র-চক্রান্ত করে, পার্টি নেতৃত্ব ও সাচ্চা কমরেডদের বিরুদ্ধে জঘন্য অপবাদ, কুৎসা ও গুজব রটায়, অর্থ-অস্ত্র চুরি করে, কমরেড সিরাজ সিকদার ও অন্যান্য সাচ্চা বিপ্লবীদের হত্যা করার সর্বাত্মক প্রতিবিপ্লবী তৎপরতা চালায়; খুলনা এলাকায় সর্বহারা পার্টির সুনাম ব্যবহার করে প্রতিক্রিয়াশীল দুর্গ গঠনের প্রচেষ্টা চালায়, উপদল গঠন করে নিজেদেরকে পার্টির মধ্যে একটি প্রতিক্রিয়াশীল কেন্দ্র হিসেবে দাঁড় করায়; সুবিধাবাদী, দলত্যাগী ও বৈর ব্যক্তিদের একত্রিত করে সংগঠনের ভিতরে ও বাইরে বিভেদপন্থীমূলক সংগঠন বিরোধী তৎপরতা চালায়, পার্টিকর্মী, সহানুভুতিশীল এবং জনগনকে প্রতারিত ও বিভ্রান্ত করে পার্টির গণতন্ত্র ও কেন্দ্রীকতা পদদলিত করে পার্টির বিশ্বাস ভঙ্গ করে।

এভাবে সে পূর্ববাংলার সর্বহারা পার্টি, বিপ্লব ও জনগণের বিরুদ্ধে এক হাজার একটি অপরাধ করে এবং পার্টি, বিপ্লব ও জনগণের সবচাইতে বড় শত্রুতে পরিণত হয়।

পূর্ববাংলার সর্বহারা পার্টি ফজলু চক্রকে তার জঘন্য অপরাধসমুহের শাস্তি স্বরূপ পার্টি থেকে তাকে চিরদিনের জন্য বহিষ্কার করে। এতে অনুতপ্ত না হয়ে সে আরো জোরে সোরে তার প্রতিবিপ্লবী তৎপরতা চালায়।

“লোভে পাপ, পাপে মৃত্যু”। বিভিন্ন প্রকার প্রতিবিপ্লবী স্বার্থের লোভে সে যে সকল পাপ অর্থাৎ অপরাধ করেছে, তা-ই তার মৃত্যুকে ত্বরান্বিত করে।

ফজলু চক্র পূর্ববাংলার কোন এক স্থানে পূর্ববাংলার সর্বহারা পার্টি বিরোধী তৎপরতা চালাতে গেলে সেখানকার পূর্ববাংলার সর্বহারা পার্টির বীর গেরিলারা নিজস্ব উদ্যোগে ৩রা জুন ফজলু চক্রকে দেশীয় অস্ত্রের সাহায্যে খতম করে। মৃত্যুর সময় কাপুরুষ ফজলু চক্র গেরিলাদের পায়ে ধরে প্রাণ ভিক্ষা চায়। কিন্তু শ্রেণী সচেতন গেরিলারা “পূর্ববাংলার সর্বহারা পার্টি জিন্দাবাদ”, কমরেড সিরাজ সিকদার জিন্দাবাদ” শ্লোগান দিতে দিতে তাকে খতম করে।

ফজলু চক্র কমরেড সিরাজ সিকদার ও অন্যান্য সাচ্চা কমরেডদের খতমের জঘন্য প্রতিবিপ্লবী প্রচেষ্টা চালায়। কিন্তু পরের জন্য গর্ত খুঁড়ে সেই গর্তে সে নিজেই পড়ে, সাচ্চা বিপ্লবীরাই তাকে খতম করে।

এইভাবে পূর্ববাংলার সর্বহারা পার্টির প্রথম প্রতিষ্ঠা দিবস পার্টি, বিপ্লব ও জনগণের সবচাইতে বড় শত্রু খতমের মাধ্যমে উদযাপিত হয়।

ইহা পূর্ববাংলার সর্বহারা পার্টি, বিপ্লব ও জনগণের জন্য একটি বিরাট বিজয়।

ইহা কমরেড সিরাজ সিকদারের সঠিক নেতৃত্বের জন্য একটি বিরাট বিজয়।

ইহা পূর্ববাংলার ও বিশ্বের বিভিন্ন আকৃতির সংশোধনবাদ বিরোধী সংগ্রামের একটি বিরাট বিজয়।

ইহা ছয় পাহাড়ের দালাল, ভারতীয় সম্প্রসারণবাদ, সোভিয়েত সামাজিক সাম্রাজ্যবাদ এবং মার্কিন সাম্রাজ্যবাদের নেতৃত্বে সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রামের একটি বিরাট বিজয়।

ইহা বিশ্বের সর্বহারা শ্রেণী ও জনগণের জন্য একটি বিরাট বিজয়।

ফজলু চক্রের সাথে যুক্ত অন্যান্যদের প্রতি আহ্বান জানানো হচ্ছে, আপনারা অনতিবিলম্বে শর্তহীনভাবে পার্টির নিকট আত্মসমর্পণ করুন। অনতিবিলম্বে পার্টি, বিপ্লব ও জনগণ বিরোধী সকল প্রকার তৎপরতা সম্পূর্ণরূপে বন্ধ করুন। অন্যায়ভাবে দখলকৃত পার্টির অর্থ, অস্ত্র ও অন্যান্য মূল্যবান দ্রব্যাদি পার্টির নিকট ফেরত দিন। আপনাদের নিকটস্থ পার্টির যোগাযোগ বুঝিয়ে দিন। আপনাদের অপরাধ স্বীকার করে পার্টির নিকট শাস্তি প্রার্থনা করুন। অন্যথায় আপনাদের পরিণতি হবে বিশ্বাসঘাতক ফজলু চক্রের অনুরূপ। কলংকিত মৃত্যু আপনাদের জন্য অবধারিত।

ফজলু চক্রের উদ্ভব, বিকাশ ও পতন মাত্র দু’মাস সময়ের মধ্যে সংঘটিত হয়। ফজলু চক্রের উদ্ভবের ফলে পার্টি, বিপ্লব ও জনগণের কাজ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

ফজলু চক্র থেকে পার্টি মূল্যবান অভিজ্ঞতা অর্জন করেছে, যা পার্টিতে ফজলুর মত চক্রের পুনউদ্ভব ঠেকাতে সর্বদা সহায়তা করবে। ফজলু চক্র হচ্ছে ইতিহাসের অতিশয় মূল্যবান নেতিবাচক শিক্ষক। পার্টি–পদ, ক্ষমতা, নাম, যশ ও অন্যান্য ব্যক্তিস্বার্থে যারা পার্টি ও বিপ্লবে যোগদান করেছেন, তারা নিজেদের পরিবর্তনের জন্য আপ্রাণ প্রচেষ্টা চালাবেন, জনগণের নিঃস্বার্থ সেবক হবেন। অন্যথায় তাদের পরিণতি হচ্ছে ফজলু চক্রের পরিণতি।

পার্টির অভ্যন্তরস্থ শ্রেণীশত্রুদের প্রবল আক্রমণের বিরুদ্ধে যদিও আমরা বিরাট বিজয় অর্জন করেছি তবুও তাদের আক্রমণ এখনও শেষ হয়নি। এর সাথে রয়েছে বাইরের শত্রুদের প্রবল আক্রমণ। কাজেই আমাদের সতর্কতা কঠোরভাবে বজায় রাখতে হবে।

ফজলু চক্রের পতন হয়েছে, কিন্তু এর বিষাক্ত প্রভাবকে পুরোপুরি দূর করার জন্য কমরেডদের চিন্তাধারা এবং কর্মপদ্ধতির ক্ষেত্রে সুদীর্ঘ দিন শুদ্ধি অভিযান চালিয়ে যেতে হবে।

ষড়যন্ত্রকারী, চক্রান্তকারী, সুবিধাবাদীদের অবশিষ্টাংশকে খুঁজে বের করতে হবে, তাদের যথাযথ শাস্তি বিধান করতে হবে, এই প্রক্রিয়ায় খাঁটি বিপ্লবী, সহানুভুতিশীল ও ব্যাপক জনগণের সাথে ঐক্য গড়ে তুলতে হবে।

সমস্ত প্রতিক্রিয়াশীলরা হচ্ছে কাগুজে বাঘ, কাজেই শেষ পর্যন্ত তাদের পরাজয় ও ধ্বংস অনিবার্য। তাদের স্থান হচ্ছে ইতিহাসের আস্তাকুঁড়ে।

বাকুনিন, বার্নস্টাইন, কাউটস্কি, ক্রুশ্চোভ, লিউ শাওচি প্রতিক্রিয়াশীলরা শেষ পর্যন্ত ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হয়েছে, ফজলু চক্রেরও অনুরূপ পরিণতি হয়েছে। পূর্ববাংলার সর্বহারা পার্টি ইতিহাসের এ সকল ভিলেনদের বিরুদ্ধে জটিল সংগ্রামের প্রক্রিয়ায় অবশ্যই বিজয় লাভ করবে ও পূর্ববাংলার অসমাপ্ত জাতীয় গণতান্ত্রিক বিপ্লব সম্পন্ন করে সমাজতান্ত্রিক বিপ্লব পরিচালনা ও সম্পন্ন করবে এবং কমিউনিজম বাস্তবায়িত করবে এবং নিজের ঐতিহাসিক ভূমিকা সম্পন্ন করবে।

পূর্ববাংলার সর্বহারা পার্টির কর্মী, গেরিলা ও সহানুভুতিশীলদের মহান দায়িত্ব হল বিশ্বাসঘাতক ফজলু চক্র খতমের ঐতিহাসিক দৃষ্টান্তকে অনুসরণ করা, সর্বদা পার্টি, বিপ্লব ও জনগণের শত্রুদের খতম করা; পার্টি, বিপ্লব ও জনগণকে রক্ষা করা।

- **পূর্ববাংলার সর্বহারা পার্টি জিন্দাবাদ।**
- **কমরেড সিরাজ সিকদার জিন্দাবাদ।**
- **চক্রান্তকারী, ষড়যন্ত্রকারী ও সুবিধাবাদীদের ধ্বংস অনিবার্য।**
- **পূর্ববাংলার অসমাপ্ত জাতীয় গণতান্ত্রিক বিপ্লব সম্পন্ন করুন। ■**